

উপজেলা পরিষদ কার্যালয়
উখিয়া, কক্সবাজার।

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো. জাহাঙ্গীর আলম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার।
স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার।
তারিখ ও সময় : ১৪/০২/২০২২ খ্রি. বিকাল ০৩.০০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা, আন্তরিক অভিনন্দন ও স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ
পর্যটন শিল্প বিকাশে আলোকচিত্রী শিল্পীদের আধুনিক ও যুগোপযোগী আলোকচিত্রের কলা-কৌশল বিষয়ক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ শিরোনামে উপ-প্রকল্প প্রস্তাবনা তৈরি ও দাখিল।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, কক্সবাজার সমুদ্র সৈকতটি ১২০ কি. মি. পর্যন্ত বিস্তৃত যা বিশ্বের দীর্ঘতম অখণ্ডিত সমুদ্র সৈকত। এই বিস্তৃত সমুদ্র সৈকতের অন্যতম উখিয়ার ইনানী আর পাটুয়ারটেক সমুদ্র সৈকত। ইনানী আর পাটুয়ারটেক সমুদ্র সৈকতের নৈসর্গিক সৌন্দর্য দেখার জন্য প্রতিবছর হাজার দেশি-বিদেশি পর্যটকরা আসেন। আর এই জন্য ইনানী আর পাটুয়ারটেক এলাকায় গড়ে উঠেছে বিভিন্ন ধরনের হোটেল, মোটেল, রেস্টুরেন্ট। এমনকি সমুদ্রের সৈকতের কাছাকাছি রয়েছে বিশাল পাঁচতারা হোটেল। ইনানী আর পাটুয়ারটেক সমুদ্র সৈকতের নৈসর্গিক সৌন্দর্য উপভোগের নিমিত্ত দেশি-বিদেশি পর্যটকরা স্থানীয় আলোকচিত্রী শিল্পীদের মাধ্যমে ছবি তোলে। সেক্ষেত্রে ছবি তোলা ও ছবিগুলোর মান নিয়ে বাক-বিতণ্ডা হয়। অনেক সময় আলোকচিত্রী শিল্পীরা পেশাদার সুলভ আচরণ করে না। ফলে স্থানীয় আলোকচিত্রী শিল্পীদের আচরণগত ত্রুটি আর ভাল মানের ছবি সরবরাহ না করতে পারায় দেশি-বিদেশি পর্যটকরা স্থানীয়ভাবে ছবি তুলতে অনীহা পোষন করে। এমতাবস্থায় পর্যটন শিল্প বিকাশে আলোকচিত্রী শিল্পীদের আধুনিক ও যুগোপযোগী আলোকচিত্রের কলা-কৌশল বিষয়ক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করতে পারলে দেশি-বিদেশি পর্যটকরা স্থানীয়ভাবে ছবি তুলতে আগ্রহ পোষন করবে এবং আলোকচিত্রের সাথে সংশ্লিষ্ট আলোকচিত্রী শিল্পীদের টেকসই কর্মসংস্থান সৃষ্টি হবে।	সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এর সাথে উপস্থিত সকলে একমত পোষন করেন এবং উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় পর্যটন শিল্প বিকাশে আলোকচিত্রী শিল্পীদের আধুনিক ও যুগোপযোগী আলোকচিত্রের কলা-কৌশল বিষয়ক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ শিরোনামে সক্ষমতা উন্নয়ন উপপ্রকল্প প্রস্তাবনা তৈরি করে উপজেলা চেয়ারম্যান বরাবর দাখিলের সিদ্ধান্ত গৃহীত হলো।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে সভায় সক্রিয় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো. জাহাঙ্গীর আলম)

সভাপতি, উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি

ও

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া।




- অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ
২। উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া
৩। অফিস নথি।

উপজেলা পরিষদ কার্যালয়
উখিয়া, কক্সবাজার

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভার উপস্থিতির হাজিরা

স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, উপজেলা পরিষদ

তারিখ : ১৪/০২/২০২২ খ্রি.

নাম	পদবী	প্রতিষ্ঠান ও ঠিকানা	কমিটিতে পদ	স্বাক্ষর
ডাহাঙ্গারী আলম	ভাইস চেয়ারম্যান	উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার	সভাপতি	
বুরুল হুদা	চেয়ারম্যান	রত্নাপালং ইউনিয়ন পরিষদ উখিয়া, কক্সবাজার	সদস্য	
—	চেয়ারম্যান	হলদিয়াপালং ইউনিয়ন পরিষদ উখিয়া, কক্সবাজার	সদস্য	—
সহকারী প্রকৌশলী (মা)	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয় উখিয়া, কক্সবাজার	সদস্য	
স্বঃ মোহাম্মদ হুসেইন	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, উখিয়া, কক্সবাজার	সদস্যসচিব	